

বিনিয়োগ আকৃষ্ট করতে যুক্তরাষ্ট্রে বঙ্গ সম্মেলনে বেসিস

প্রকাশিত: ১০:২৫ এএম, ১২ জুলাই ২০১৫



তথ্যপ্রযুক্তি খাতে (আইসিটি) বিদেশি বিনিয়োগ আকৃষ্ট করতে মার্কিন যুক্তরাষ্ট্রের টেক্সাসে শুরু হয়েছে 'বঙ্গ সম্মেলন' হিসেবে পরিচিত নর্থ আমেরিকান বেঙ্গলি কনফারেন্স। গত শুক্রবার দুইদিন ব্যাপি এ সম্মেলন শুরু হয়েছে। সম্মেলনে সহযোগী প্রতিষ্ঠান হিসেবে অংশ নিয়েছে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস)।

বিদেশে আইসিটি খাতে বাংলাদেশকে ব্র্যান্ডিংয়ে 'বাংলাদেশ নেস্ট' স্লোগানকে সামনে রেখে বেসিসের পাশাপাশি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিভাগ ও বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) যৌথভাবে এই সম্মেলনে অংশ নিয়েছে।

বেসিস সভাপতি শামীম আহসানের নেতৃত্বে প্রতিনিধি দলে রয়েছেন বেসিসের সহ-সভাপতি এম রাশিদুল হাসান ও যুগ্ম-মহাসচিব মোস্তাফিজুর রহমান সোহেল। বেসিসের সদস্যভুক্ত আর্টটি কোম্পানি সম্মেলনে অংশ নিয়েছে। এগুলো হলো ক্রান্তি অ্যাসোসিয়েটস লিমিটেড, রিভেরি কর্পোরেশন লিমিটেড, সাউথটেক লিমিটেড, সার্ভিস ইঞ্জিন লিমিটেড, ইউবিক কর্পোরেশন লিমিটেড, টেকনোলজি সলিউশন লিমিটেড, আর্ক বাংলাদেশ লিমিটেড ও বিয়ন্ড টেকনোলজিস। প্রতিষ্ঠানগুলো তাদের পণ্য ও সেবা প্রদর্শন করছে।

সম্মেলনে অংশগ্রহণ সম্পর্কে শামীম আহসান বলেন, প্রবাসে বাঙালিদের অন্যতম বড় আয়োজন হলো এই বঙ্গ সম্মেলন। ভারতীয় বাঙালিদের আয়োজনে অনুষ্ঠিত এই সম্মেলনে এবারই প্রথম বাংলাদেশি কোম্পানিগুলো তাদের পণ্য ও সেবা প্রদর্শনের সুযোগ পাচ্ছে। পাশাপাশি সম্মেলনে স্থানীয় ব্যবসায়ীদের অংশগ্রহণে অনুষ্ঠিত হচ্ছে বিজনেস ফোরাম। এই ফোরামে বিদেশি ও প্রবাসী বাংলাদেশিদের বাংলাদেশের তথ্যপ্রযুক্তি খাতে বিনিয়োগে আগ্রহী করতে বেসিসের পক্ষ থেকে একটি প্রেজেন্টেশন দেয়া হয়েছে। আশা করছি এই সম্মেলনের মাধ্যমে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানগুলো মার্কিন যুক্তরাষ্ট্রে তাদের ব্যবসা সম্প্রসারণের সুযোগ পাবে।

উল্লেখ্য, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটনমন্ত্রী রাশেদ খান মেননের নেতৃত্বে রিহাবা, বিজিএমইএ, পর্যটন কর্পোরেশনের প্রতিনিধিরাও এতে অংশ নিয়েছেন। সংবাদ বিজ্ঞপ্তি

বিএ/এমআরআই